

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ
সমাজকল্যাণ মন্ত্রণালয়
২২৪/১, নিউ ইন্সটান রোড, ঢাকা-১০০০
www.bnswc.gov.bd

বিষয়ঃ বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের ২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটির ৩য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : ফারহানা আক্তার, উপপরিচালক (মূল্যায়ন)
বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ।
তারিখ ও সময় : ৩০.০১.২০২৩খ্রিঃ বেলা-১১.০০ টায়।
সভার স্থান : সভাপতি মহোদয়ের অফিস কক্ষে।
উপস্থিতি : পরিশিষ্ট-ক

২.০ আলোচনা:

- ২.১ উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুরোধক্রমে সদস্য-সচিব পরিষদের সহকারী পরিচালক প্রশাসন) ২০২২-২০২৩ অর্থবছরের পরিষদের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও ২য় ত্রৈমাসিক সভার গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন এবং বিস্তারিত আলোচনা হয়;
- ২.২ নৈতিকতা কমিটির সভা আয়োজন: সদস্য-সচিব জানান ২০২২-২০২৩ অর্থবছরে কর্মপরিকল্পনায় ৪টি কোয়ার্টারে প্রতি ত্রৈমাসিকের ১ম মাসে সভা করার আলোকপাত করেন;
- ২.৩ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন পরবর্তী কোয়ার্টারে অগ্রগতি প্রতিবেদনসহ উল্লেখ করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়;
- ২.৪ অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (প্রকল্পের ক্রয় পরিকল্পনাসহ) করার বিষয়ে হিসাবরক্ষণ কর্মকর্তা জানান নির্ধারিত সময়ে ক্রয় কার্যক্রম সম্পাদন করা হচ্ছে;
- ২.৫ জেট বাস্তবায়ন, ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন করার বিষয়ে হিসাবরক্ষণ কর্মকর্তা গুরুত্বরোপ করেন ও সদস্যবৃন্দ বিস্তারিত আলোচনা করেন;
- ৩.০ স্বচ্ছতা আনয়নে জাতীয় পর্যায়ের প্রতিষ্ঠান: ২০২২-২০২৩ অর্থবছরের কর্মপরিকল্পনা অনুযায়ী ৩য় ত্রৈমাসিকে স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে জাতীয় পর্যায়ের ১০টি প্রতিষ্ঠানের কার্যক্রম পরিদর্শন করার বিষয়ে সভাপতি সভায় গুরুত্বরোপ করেন এবং সদস্য সচিব বলেন জাতীয় পর্যায়ের প্রতিষ্ঠান পরিদর্শনের জন্য কর্মকর্তাদের সমন্বয়ে টিম গঠন করার প্রস্তাব করেন; এবং
- ৩.১ স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে প্রকল্প নির্মাণ কাজ: ২০২২-২০২৩ অর্থবছরের কর্মপরিকল্পনা অনুযায়ী প্রতি ত্রৈমাসিকে প্রকল্পের কাজে স্বচ্ছতা আনয়নে নির্মাণ কার্যক্রম পরিদর্শন ও নির্ধারিত সময়ে PIC সভা করার জন্য সভাপতি প্রকল্পের সদস্য সচিবকে অনুরোধ জানান।

৪.০ সিদ্ধান্ত:

- ৪.১ প্রতি কোয়ার্টারে নৈতিকতা কমিটির সভার আয়োজন করতে হবে;
- ৪.২ সকল সিদ্ধান্ত বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে;
- ৪.৩ ৩য় ত্রৈমাসিকে জাতীয় পর্যায়ের ১০টি প্রতিষ্ঠান পরিদর্শন করার নিমিত্ত টিম গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়;
- ৪.৪ ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে;
- ৪.৫ অনুমোদিত ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন করতে হবে;
- ৪.৬ প্রতি ত্রৈমাসিকে প্রকল্পের কাজ পরিদর্শন ও নির্ধারিত সময়ে PIC সভা করার সুপারিশ ও প্রতিবেদন দাখিল করতে হবে;

৫.০ সভায় আর কোন বিষয়ে আলোচনার না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০/০১/২৩
মোঃ মোহিবুল্লাহ
সহকারী পরিচালক(প্রশাসন)
বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ

ফারহানা আক্তার
উপপরিচালক (মূল্যায়ন)
ও আহবায়ক

শুদ্ধাচার বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটি

☎-০২-২২২২২৬৭৩৮

E-mail: dd.eva@bnswc.gov.bd